

প্রেস বিজ্ঞপ্তি


বাংলাদেশ হাইকমিশন, লন্ডন

নং-কস/প্রেস বিজ্ঞপ্তি/২০০৯

তারিখ ২৩ এপ্রিল ২০০৯

বাংলাদেশ হাইকমিশন, লন্ডন এর উদ্যোগে যুক্তরাজ্য এবং আয়ারল্যান্ডে বসবাসরত প্রবাসী বাংলাদেশী নাগরিক এবং ছাত্রদের তথ্য সম্বলিত একটি ইলেকট্রনিক ডাটাবেইজ প্রস্তুত করার কার্যক্রম হাতে নেয়া হয়েছে। সে উদ্দেশ্যে প্রবাসী বাংলাদেশীরা হাইকমিশনের ওয়েবসাইটে অন-লাইনে রেজিস্ট্রেশন করতে পারবেন। এছাড়া রেজিস্ট্রেশন ফরম পূরণ পূর্বক ডাকযোগে বা ব্যক্তিগতভাবে হাইকমিশনে জমা দেয়া যেতে পারে।

হাইকমিশনের এই রেজিস্ট্রেশন কার্যক্রমকে সাফল্যমন্ডিত করার জন্য যুক্তরাজ্য/আয়ারল্যান্ডে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশী নাগরিক/ছাত্রদেরকে রেজিস্ট্রেশন ফরম পূরণ করার অনুরোধ করা যাচ্ছে। হাইকমিশনের ওয়েবসাইটের ঠিকানা : www.bhclondon.org.uk



(মোঃ ইকবাল হোসেন খান)

প্রথম সচিব